

15/06/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেলপথ মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
website: www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৭.১১.০৮৩.১১-৫৯৬

তারিখঃ ০১ আষাঢ় ১৪২৪  
১৫ জুন ২০১৭

### প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৫.০৫.২০১৭ তারিখের ৮০.০১.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৫৪.১৭-১৬৬ নং পত্রের সুপারিশ এবং পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, বরগুনা কর্তৃক প্রদত্ত প্রাক চাকুরি বৃত্তান্ত যাচাই প্রত্যয়ন ও স্বাস্থ্য পরীক্ষায় ডাক্তারী প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় জনাব কামাল উদ্দিন, পিতা- আব্দুল গনি, মাতা-সখিনা বেগম, গ্রাম-জ্ঞানপাড়া, ডাকঘর- জ্ঞানপাড়া, থানা/উপজেলা- পাথরঘাটা, জেলা- বরগুনা-কে রেলপথ মন্ত্রণালয়ের 'ব্যক্তিগত কর্মকর্তা' পদে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর টাঃ ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে এবং এ সংগে বিভিন্ন সময়ে সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

### শর্তাবলী :

- (ক) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদান পত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (খ) বিদেশী নাগরিককে বিবাহ করার ক্ষেত্রে The Public Servant ( Marriage with Foreign Nationals) Ordinance, 1976 ( as amended up to 2008) এর বিধানাবলী প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণীয় হবে;
- (গ) শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে বা কর্মে দক্ষতা বৃদ্ধির কোন সম্ভাবনা না থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকরি হতে তাকে বরখাস্ত করা হবে;
- (ঘ) চাকরি হতে ইস্তফা দিতে হলে যে তারিখ হতে ইস্তফা দিবেন সে তারিখের ০১ (এক) মাস পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের সমপরিমাণ টাকা সরকারি খাতে জমা দিতে হবে। বর্ণিত অর্থ প্রদানে অসম্মত হলে The Public Demand Recovery Act.1913 অনুযায়ী তা আদায় করা হবে;
- (ঙ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- (চ) চাকুরিতে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০২। উপরোক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ১৬ জুলাই ২০১৫ তারিখের মধ্যে যে কোন কর্ম দিবসে অফিস চলাকালীন যুগ্ম-সচিব(প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা এঁর বরাবর তিনি যোগদানপত্র দাখিল করবেন। উক্ত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(খন্দকার নূরুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন : +৮৮০২ ৯৫৮৯০০৮

ই-মেইলঃ k\_nurulhoq@yahoo.com

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)


নং- ৫৪.০০.০০০০.০০৭.১১.০৮৩.১১-৫৯৬/১(১৫)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৯। সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ১২। হিসাব নিরীক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়,
- ১৪। জনাব কামাল উদ্দিন, পিতা- আব্দুল গনি, মাতা-সখিনা বেগম

স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
গ্রাম-জ্ঞানপাড়া, ডাকঘর- জ্ঞানপাড়া, থানা/উপজেলা- পাথরঘাটা, জেলা- বরগুনা।	কক্ষ নং-২৩৩, হাজী মুহাম্মদ মুহসীন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, রমনা, ঢাকা।

- ১৫। অফিস কপি।

  
১৫.৬.১৭  
(খন্দকার নূরুল হক)  
সিনিয়র সহকারী সচিব